

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) ত্রিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ফেব্রুয়ারি ২০২০ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শেখ মুজিবুর রহমান, অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃংখলা) ও
চিফ ইনোভেশন অফিসার স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
স্থান : স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের সভাকক্ষ।
তারিখ ও সময় : ২৫.০২.২০২০ খ্রিঃ, বেলা: ১০:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত।

সভাপতির অনুমতিক্রমে আবু মমতাজ সাদ উদ্দিন আহমেদ, যুগ্মসচিব, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সরকারী দপ্তরে উদ্ভাবন চর্চার গুরুত্ব তুলে ধরে বলেন, উদ্ভাবন চর্চার মাধ্যমে দপ্তরের কার্যক্রমকে আরো সহজীকরণ করার মাধ্যমে মাঠ পর্যায়ের কার্যক্রমের খরচ সময় এবং ভোগান্তি কমানো যায়। তিনি সকলকে নিজ নিজ দপ্তরে উদ্ভাবন চর্চা অব্যাহত রাখতে অনুরোধ জানান। ড. মো: শাহাদৎ হোসেন মাহমুদ, মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট বলেন, স্বাস্থ্য খাতে উদ্ভাবনী কাজ করার অনেক সুযোগ রয়েছে। উদ্ভাবনী চর্চার মাধ্যমে স্বাস্থ্য সেবার গুনগত মান ও উৎকর্ষ বৃদ্ধি করা সম্ভব। তিনি স্বাস্থ্য প্রশাসনে উদ্ভাবনী চর্চার জন্য সকলকে আহ্বান জানান। সভাপতি উপসচিব (প্রশাসন-৪) কে গত সভার কার্যবিবরণী উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০২. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন: সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে ড. বিলকিস বেগম, উপসচিব (প্রশাসন-৪) গত সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি দৃষ্টীকরণ করা হয়।

০৩. শোকেসিংয়ে নির্বাচিত প্রকল্পের রেল্লিকেশন/স্কেল আপ: শোকেসিংয়ে নির্বাচিত প্রকল্পসমূহ দ্রুত স্কেলআপ/রেল্লিকেশন করার জন্য দেশের প্রতিটি বিভাগে কর্মশালা আয়োজনের বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, বাজেট তৈরির বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। তিনি কর্মশালার বাজেট শীঘ্রই স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করা হবে মর্মে জানান। সভাপতি আগামী এক সপ্তাহের মধ্যে ০৮ (আট)টি বিভাগে কর্মশালা আয়োজনের বাজেট প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণের নির্দেশনা দেন। তিনি মার্চ ২০২০ মাসের মধ্যে কর্মশালা সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন।

০৪. ইনোভেশন কমিটির সভা : সভাপতি বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ মোতাবেক মাসিক সভা আয়োজনের নির্দেশনা প্রদান করেন। তিনি অধিদপ্তরগুলোর সভাতে স্বাস্থ্য সেবা বিভাগের প্রতিনিধিকে পর্যবেক্ষক হিসাবে রাখার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন।

০৫. প্রশিক্ষণ : সভাপতি মহোদয় বলেন যে, যে-সকল অধিদপ্তরসমূহ ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণগুলো আয়োজন করেনি, তাদেরকে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ মোতাবেক আগামী মার্চ/এপ্রিলের মধ্যে প্রশিক্ষণ সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন।

০৬. নতুন ইনোভেশন প্রকল্প: ড. বিলকিস বেগম, উপসচিব (প্রশাসন-৪) সভায় আগত উদ্ভাবকদের স্বাগত জানিয়ে বলেন, গত ৩০ জানুয়ারি ২০২০ মাসের ইনোভেশন সভায় জমাকৃত ১৯টি প্রকল্পের মধ্যে ১০টি নতুন প্রকল্পের উদ্ভাবকগণ উপস্থাপন হয়েছিল। বাকি প্রকল্পগুলো এক এক করে উপস্থাপনের অনুরোধ তিনি অনুরোধ জানান। উদ্ভাবনী প্রকল্পগুলোর তালিকা অনুসারে নিম্নলিখিত উদ্ভাবকগণ প্রকল্প উপস্থাপন করেন:- ১) মোঃ আবুল বাশার, সহকারী চিকিৎসা মনোবিজ্ঞানী, ঢাকা মেডিকেল কলেজ, মানসিক চাপ সামলানোর জন্য আন্ড্রয়েড ভিত্তিক মোবাইল অ্যাপ “চাপ সামলান” প্রকল্পটি, ২) ডাঃ মফিজুল ইসলাম খুলবুল, ডিপিএম, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান, ঢাকা পুষ্টি সংক্রান্ত অ্যাপ “খাদ্য কনিকা” প্রকল্পটি, ৩) ডাঃ গোলাম মুস্তাফিজ, ব্যাচ কে-৭০, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল “ডিজিটাল প্যাসেন্ট এন্ট্রি এন্ড ডাটাবেইজ সার্ভার” প্রকল্পটি, ৪) ডাঃ গোলাম ফরহাদ, সাবেক আরএমও বালকাঠি সদর হাসপাতাল, ওপিডি সার্ভিস পর্যবেক্ষণ ইউনিট এবং ৫) হসপিটাল ওয়েল ফেয়ার ফান্ড নামক দুইটি প্রকল্প, ৬) ডাঃ শাজেদা বেগম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চাঁদপুর সদর কৈশোর বান্ধব উপজেলা প্রকল্পটি এবং ৭) এম মোখলেছুর রহমান, কনসালটেন্ট সাইকোলজিস্ট এবং পরিচালক, ইনসাইট সাইকো সোশাল কেয়ার এন্ড রিসার্চ, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা মাদকাসক্ত নিরাময়ে “মুক্তির মিছিল” নামক অ্যাপটি উপস্থাপন করেন। সভাপতি নতুন ইনোভেশন প্রকল্পগুলো পাইলটিংয়ের নির্দেশনা প্রদান করেন। এক্ষেত্রে কোন সহযোগিতা প্রয়োজন হলে স্বাস্থ্য সেবা বিভাগে প্রশাসন-৪ অধিশাখা এবং ইনোভেশন সংক্রান্ত ফোকাল পয়েন্ট স্বাস্থ্য অধিদপ্তরের সাথে যোগাযোগ করতে অনুরোধ জানান। তিনি সকল অধিদপ্তর/দপ্তরকে আরো নতুন প্রকল্প (যদি থাকে) প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণের নির্দেশনাও প্রদান করেন।

০৭. সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র.সং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৭.১	স্বাস্থ্য সেবা বিভাগের অধীন অধিদপ্তর/দপ্তরসমূহ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ অনুযায়ী মাসিক সভা করবে এবং কার্যবিবরণী নিয়মিতভাবে মন্ত্রণালয়ের প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করবে;	অধিদপ্তর/দপ্তরসমূহ
০৭.২	নতুন ইনোভেশন প্রকল্পগুলো পাইলটিং করতে হবে;	সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এবং অধিদপ্তর/দপ্তরসমূহ
০৭.৩	দেশের প্রতিটি বিভাগে মার্চ ২০২০ মাসের মধ্যে স্বাস্থ্য অধিদপ্তর ইনোভেশন ওয়ার্কশপের আয়োজন করবে;	স্বাস্থ্য অধিদপ্তর
০৭.৪	স্বাস্থ্য অধিদপ্তর ওয়ার্কশপগুলো আয়োজনের খসড়া বাজেট আগামী একসপ্তাহের মধ্যে চিফ ইনোভেশন অফিসারের নিকট পেশ করবে;	স্বাস্থ্য অধিদপ্তর
০৭.৫	অধিদপ্তরসমূহকে মাসিক সভায় স্বাস্থ্য সেবা বিভাগের প্রতিনিধিকে পর্যবেক্ষণ রাখতে হবে;	অধিদপ্তর/দপ্তর
০৭.৬	বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ মোতাবেক উদ্ভাবন সংক্রান্ত প্রশিক্ষণ মার্চ/এপ্রিল ২০২০ মাসের মধ্যে আয়োজন করতে হবে;	প্রশাসন-৪ অধিশাখা, সকল অধিদপ্তর/দপ্তরসমূহ

০৮. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

০৮.০৩.২০২০

(শেখ মুজিবুর রহমান)

অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃংখলা)

স্বাস্থ্য সেবা বিভাগ

স্মারক নং- ৪৫.১৪১.০৯৩.০০.০০০০.০০১.২০২০-৫৮

২৭ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ

তারিখঃ

১১ মার্চ ২০২০ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (ক্ষেত্রান্তর ক্রমানুসারে নয়) :

১. যুগ্মসচিব (বাজেট-১,২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (মানবসম্পদ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন) অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. উপসচিব (প্রশাসন-১ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. উপসচিব (নার্সিং-১ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. উপসচিব (ক্রয় ও সংগ্রহ-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭. উপপ্রধান (স্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৮. উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৯. উপসচিব (বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১০. সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১. সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৩ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১২. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
১৩. ইনোভেশন অফিসার, চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১৪. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর), মহাখালী, ঢাকা।
১৫. ইনোভেশন অফিসার (নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/ স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/টেমো), ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃংখলা) ও চিফ ইনোভেশন অফিসারের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৮/০৩/২০২০

(ড. বিলকিস বেগম)

উপসচিব

ফোন নং- ৯৫৪০৩৬২

ই-মেইল- monitor@hds.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ডিসেম্বর ২০১৯ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শেখ মুজিবুর রহমান, অতিরিক্ত সচিব (ডাঙারতরীণ প্রশাসন ও শৃংখলা) ও
চিফ ইনোভেশন অফিসার স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
স্থান : স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভাকক্ষ।
তারিখ ও সময় : ৩০.০১.২০২০ খ্রিঃ, বেলা: ১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত।

সভাপতি উপস্থিত কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উদ্ভাবন চর্চার গুরুত্ব তুলে ধরে বলেন যে, সরকারি দপ্তরের কার্যক্রমকে আরো সহজীকরণ করতে উদ্ভাবন চর্চা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এটির মাধ্যমে মাঠ পর্যায়ের কার্যক্রমের খরচ সময় ও ভোগান্তি কমানো সম্ভব হবে। তিনি অধিদপ্তর/দপ্তরসমূহকে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ অর্ধ-বার্ষিক (জুলাই-ডিসেম্বর ২০১৯) স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রশাসন-৪ অধিশাখায় ২ ফেব্রুয়ারি ২০২০ এবং প্রশাসন-৪ অধিশাখাকে স্বাস্থ্য সেবা বিভাগের অর্ধ-বার্ষিক (জুলাই-ডিসেম্বর ২০১৯) স্ব-মূল্যায়ন প্রতিবেদন ৫ ফেব্রুয়ারি ২০২০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করেন। তিনি উপসচিব (প্রশাসন-৪) কে গত সভার কার্যবিবরণী উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০২. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন: সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে খন্দকার জাকির হোসেন, উপসচিব (মনিটরিং ও সমন্বয়) সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

০৩. শোকেসিংয়ে নির্বাচিত প্রকল্পের রেক্রিকেশন/স্কেল আপ: সভাপতি শোকেসিংয়ে নির্বাচিত প্রকল্পসমূহ দ্রুত স্কেলআপ/রেক্রিকেশন করার জন্য দেশের প্রতিটি বিভাগে কর্মশালা আয়োজনের বাজেটের বিষয়ে গুরুত্ব আরোপ করলে স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি জানান বাজেট তৈরির বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। তিনি কর্মশালার বাজেট শীঘ্রই স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করা হবে মর্মে জানান। সভাপতি ফেব্রুয়ারি ও মার্চ ২০২০ মাসের মধ্যে কর্মশালা সম্পন্ন করা নির্দেশনা প্রদান করেন।

০৪. নতুন ইনোভেশন প্রকল্প: সভাপতি নতুন ইনোভেশন প্রকল্পগুলো পাইলটিংয়ের নির্দেশনা প্রদান করেন। এক্ষেত্রে কোন সহযোগিতা প্রয়োজন হলে স্বাস্থ্য সেবা বিভাগের প্রশাসন-৪ অধিশাখায় যোগাযোগ করতে অনুরোধ জানান। তিনি সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহকে আরো নতুন প্রকল্প (যদি থাকে) প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণের নির্দেশনাও প্রদান করেন এবং আগামী ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগের তথ্য বাতায়নে আপলোড করারও নির্দেশনা প্রদান করেন।

০৫. ইনোভেশন কমিটির সভা : পরবর্তী ইনোভেশন কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে সভাপতি দৃষ্টি আকর্ষণ করলে ড. লাইলা আখতার, উপপরিচালক-২ (উপসচিব), স্বাস্থ্য অর্থনীতি ইউনিটে আয়োজনের অনুরোধ জানান। সভাপতি বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ মোতাবেক মাসিক সভা আয়োজনের নির্দেশনা প্রদান করেন। তিনি অধিদপ্তরগুলোর সভাতে স্বাস্থ্য সেবা বিভাগের প্রতিনিধিকে পর্যবেক্ষক হিসাবে রাখার নির্দেশনা দেন।

০৬. প্রশিক্ষণ : স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, টেমো এবং নিমিউ এন্ড টিসির প্রতিনিধিগণ ইনোভেশন সংক্রান্ত ২ দিনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে মর্মে জানান। সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগসহ অধিদপ্তরসমূহকে ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণগুলো বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ মোতাবেক আগামী মার্চ/এপ্রিলের মধ্যে সম্পন্ন করার ইনোভেশন অফিসারদের নির্দেশনা প্রদান করেন। তিনি অধিদপ্তরসমূহে প্রশিক্ষণ মডিউল প্রেরণের জন্য প্রশাসন-৪ কে নির্দেশনা দেন। তিনি অধিদপ্তরসমূহকে প্রশিক্ষণ সংক্রান্ত ক্যালেন্ডার প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করার জন্য অনুরোধ জানান।

০৭. সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র: নং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৭.১	স্বাস্থ্য সেবা বিভাগের অধীন অধিদপ্তর/দপ্তরসমূহ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ অনুযায়ী মাসিক সভা করবে এবং কার্যবিবরণী নিয়মিতভাবে মন্ত্রণালয়ের প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করবে;	অধিদপ্তর/দপ্তরসমূহ
০৭.২	অধিদপ্তর/দপ্তরসমূহ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন (জুলাই-ডিসেম্বর ২০১৯) প্রতিবেদন প্রশাসন-৪ অধিশাখায় ২ ফেব্রুয়ারি ২০২০ তারিখের	সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এবং অধিদপ্তর/দপ্তরসমূহ

৭

ক্র: নং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	মধ্যে প্রেরণ করবে;	
০৭.৩	দেশের প্রতিটি বিভাগে মার্চ ২০২০ মাসের মধ্যে স্বাস্থ্য অধিদপ্তর ইনোভেশন ওয়ার্কশপের আয়োজন করবে;	স্বাস্থ্য অধিদপ্তর
০৭.৪	স্বাস্থ্য অধিদপ্তর ওয়ার্কশপগুলো আয়োজনের খসড়া বাজেট আগামী একসপ্তাহের মধ্যে পেশ করবে;	স্বাস্থ্য অধিদপ্তর
০৭.৫	ইনোভেশন কমিটির পরবর্তী সভা স্বাস্থ্য অর্থনীতি ইউনিটে অনুষ্ঠিত হবে;	প্রশাসন-৪ অধিশাখা/স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
০৭.৬	অধিদপ্তরসমূহকে মাসিক সভায় স্বাস্থ্য সেবা বিভাগের প্রতিনিধিকে পর্যবেক্ষণ রাখতে হবে;	অধিদপ্তর/দপ্তর
০৭.৭	- বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ মোতাবেক উদ্ভাবন সংক্রান্ত প্রশিক্ষণ মার্চ/এপ্রিল ২০২০ মাসের মধ্যে আয়োজন করতে হবে; - প্রশাসন-৪ মন্ত্রিপরিষদ কর্তৃক প্রণীত উদ্ভাবন সংক্রান্ত প্রশিক্ষণ মডিউল অধিদপ্তরসমূহে প্রেরণ করবে; - অধিদপ্তরসমূহকে প্রশিক্ষণ সংক্রান্ত ক্যালেন্ডার আগামী একসপ্তাহের মধ্যে প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করতে হবে;	প্রশাসন-৪ অধিশাখা, সকল অধিদপ্তর/দপ্তরসমূহ

০৮. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

তারিখ: ১৭.১১.১৯

(শেখ মুজিবুর রহমান)

অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃংখলা)

স্বাস্থ্য সেবা বিভাগ

স্মারক নং- ৪৫.১৪১.০৯৩.০০.০০.০০৮.২০১৬- ৩৪ (২৬)

তারিখ: ০৬ ফাল্গুন ১৪২৬
১৯ ফেব্রুয়ারী ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. যুগ্মসচিব (বাজেট-১,২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (মানবসম্পদ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন-১ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. উপসচিব (নার্সিং-১ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. উপপ্রধান (স্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. উপসচিব (ক্রয় ও সংগ্রহ-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৭. উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৮. উপসচিব (প্রশাসন-৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৯. উপসচিব (বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
১০. উপসচিব (প্রশাসন-২ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
১২. ইনোভেশন অফিসার, চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১৩. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অধিদপ্তর/উষধ প্রশাসন অধিদপ্তর), মহাখালী, ঢাকা।
১৪. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৫. ইনোভেশন অফিসার (নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/ স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/টেমো), ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃংখলা) ও চিফ ইনোভেশন অফিসার: ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম,
৩. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাপকম, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

(খন্দকার জাকির হোসেন)

উপসচিব

ফোন নং- ৯৫৪০৩৬২

ই-মেইল- monitor@hds.gov.bd

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের অক্টোবর ২০১৯ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শেখ মুজিবুর রহমান, অতিরিক্ত সচিব (আভ্যন্তরীণ প্রশাসন ও শৃংখলা) ও
চিফ ইনোভেশন অফিসার স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩)।
তারিখ ও সময় : ২৯.১০.২০১৯ খ্রিঃ, বেলা: ১০:৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত।

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে কার্যক্রম শুরু করেন। তিনি উদ্ভাবন চর্চার গুরুত্ব তুলে বলেন, স্বাস্থ্য সেবাকে জনগণের দোরগোড়ায় সহজে পৌঁছে দিতে ইনোভেশনের গুরুত্ব অসীম। স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে স্বাস্থ্যসেবাকে সহজতর করতে হবে। ২০৩০ সালের মধ্যে এসডিজি'র স্বাস্থ্য সংক্রান্ত লক্ষ্যমাত্রায় পৌঁছাতে ইনোভেশন কার্যকর ভূমিকা পালন করবে। তিনি উপসচিব (প্রশাসন-৪) কে গত সভার কার্যাবলি উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০২. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন: সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে ড. বিলকিস বেগম, উপসচিব (মনিটরিং ও সমন্বয়) সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়।

০৩. শোকেসিংয়ে নির্বাচিত প্রকল্পের রেলিকেশন/স্কেল আপ: ড. বিলকিস বেগম, উপসচিব (মনিটরিং ও সমন্বয়) শোকেসিংয়ে নির্বাচিত প্রকল্পসমূহ দ্রুত স্কেলআপ/রেলিকেশন করার জন্য দেশের প্রতিটি বিভাগে কর্মশালা আয়োজনের জন্য স্বাস্থ্য অধিদপ্তরকে পরামর্শ দেন। তিনি জানান, কর্মশালাগুলোতে নির্বাচিত প্রকল্পের উদ্ভাবক, সিভিল সার্জন, জেলা হাসপাতাল তত্ত্বাবধায়ক, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মন্ত্রণালয় ও অধিদপ্তরের প্রতিনিধিগণ উপস্থিত থাকবেন। উক্ত কর্মশালায় স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ স্ব স্ব এলাকায় রেলিকেশন/স্কেল আপের জন্য প্রকল্প বাছাই করবেন। তিনি কর্মশালাসমূহের স্বয়ংচের বিষয়ে একটি খসড়া বাজেট করতে স্বাস্থ্য অধিদপ্তরের ইনোভেশন কর্মকর্তাকে অনুরোধ জানান। সভাপতি মহোদয় সময়মসিংহ বিভাগে প্রথম কর্মশালা করার নির্দেশনা প্রদান করেন। তিনি ডিসেম্বরের মধ্যে ওয়ার্কশপগুলো সম্পন্ন করারও নির্দেশনা প্রদান করেন।

০৪. নতুন ইনোভেশন প্রকল্প: উপসচিব (প্রশাসন-৪) জানান গত সেপ্টেম্বর মাসে অধিদপ্তরসমূহ হতে নতুন প্রকল্প প্রেরণের আহ্বান জানানো হয়। প্রাপ্ত ইনোভেশন প্রকল্প বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি তাদের কাছে মোট ১৭টি নতুন প্রকল্প জমা পড়েছে মর্মে জানান। মাসিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের প্রতিনিধি তাদের নিকট ৩টি নতুন প্রকল্প জমা পড়েছে মর্মে জানান। সভাপতি তালিকাসহ প্রকল্পগুলোর সফট কপি প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণের নির্দেশনা প্রদান করেন এবং আগামী ৩ নভেম্বর ২০১৯ তারিখের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগের তথ্য বাতায়নে আপলোড করারও নির্দেশনা দেন।

০৫. ইনোভেশন কমিটির সভা : সভাপতি মহোদয় অধিদপ্তরসমূহকে ইনোভেশন টিমের সভার বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে জনাব আমিনুল ইসলাম, পরিচালক (যুগ্মসচিব), স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর তাদের মাসিক সভা সম্পন্ন হয়েছে মর্মে জানান। এছাড়াও তিনি স্বাস্থ্য সেবা বিভাগের পরবর্তী ইনোভেশন সভা স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে আয়োজনের অনুরোধ জানান। সভাপতি বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ মোতাবেক মাসিক সভা আয়োজনের নির্দেশনা প্রদান করেন। তিনি অধিদপ্তরগুলোর সভাতে স্বাস্থ্য সেবা বিভাগের প্রতিনিধিকে পর্যবেক্ষক হিসাবে রাখার নির্দেশনা দেন।

০৬. প্রশিক্ষণ : সভাপতি ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণগুলো যথাসময়ে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ মোতাবেক সম্পন্ন করার জন্য প্রশাসন-৪ এবং অধিদপ্তর/দপ্তরসমূহের ইনোভেশন অফিসারদের নির্দেশনা প্রদান করেন।

০৭. সভায় সর্বসম্মতিক্রমে নিয়মিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র: নং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৭.১	স্বাস্থ্য সেবা বিভাগের অধীন অধিদপ্তর/দপ্তরসমূহ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ অনুযায়ী মাসিক সভা করবে এবং কার্যবিবরণী নিয়মিতভাবে মন্ত্রণালয়ের প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করবে;	অধিদপ্তর/দপ্তরসমূহ
০৭.২	মন্ত্রণালয়ের মাসিক ইনোভেশন সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নপূর্বক অগ্রগতির ত্রৈমাসিক প্রতিবেদন প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করবে;	সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এবং অধিদপ্তর/দপ্তরসমূহ



০৭.৮	স্বাস্থ্য অধিদপ্তর ওয়ার্কশপগুলো আয়োজনের স্বস্ব বাজেট আদান-প্রদান একসপ্তাহের মধ্যে শেষ করা হবে;	স্বাস্থ্য অধিদপ্তর
০৭.৯	সমন্বিত কর্মসূচির পরবর্তী সভা স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে অনুষ্ঠিত হবে;	প্রশাসন-৪ অধিশাখা/স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
০৭.৬	অধিদপ্তরসমূহকে মাসিক সভায় স্বাস্থ্য সেবা বিভাগের প্রতিনিধিকে পর্যবেক্ষণ রাখতে হবে;	অধিদপ্তর/দপ্তর
০৭.৭	বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ মোতাবেক উদ্ভাবন সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করতে হবে;	প্রশাসন-৪ অধিশাখা, সকল অধিদপ্তর/দপ্তরসমূহ

০৮. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে বন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ০৫.১১.১৯
(শেখ মুজিবুর রহমান)
অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা)
স্বাস্থ্য সেবা বিভাগ

স্মারক নং- ৪৫.১৪১.০৯৩.০০.০০৮.২০১৬-২৪৫

তারিখ: ২২ কার্তিক ১৪২৬
০৬ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. মুগ্ধসচিব (বাজেট-১,২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. মুগ্ধসচিব (সমন্বিতসম্পদ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. মুগ্ধসচিব (প্রশাসন-১ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. উপসচিব (নার্সিং-১ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. উপপ্রধান (স্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. উপসচিব (ক্রয় ও সংগ্রহ-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৭. উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৮. উপসচিব (প্রশাসন-৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৯. উপসচিব (বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
১০. উপসচিব (প্রশাসন-২ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
১২. ইনোভেশন অফিসার, চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১৩. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর), মহাখালী, ঢাকা।
১৪. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৫. ইনোভেশন অফিসার (নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/ স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/টেমো), ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃংখলা) ও চিফ ইনোভেশন অফিসারের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম,
৩. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাপকম, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

B. Begum
০৬/১১/২০১৯
(ড. কিলকিস বেগম)
উপসচিব
ফোন নং- ৯৫৪০৩৬২
ই-মেইল- monitor@hsc.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের আগস্ট ২০১৯ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শেখ মুজিবুর রহমান, অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃংখলা) ও
চিফ ইনোভেশন অফিসার সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (বক্ষ নং-৩৩২, ভবন নং-৩)।

তারিখ ও সময় : ২৯.০৮.২০১৯ খ্রিঃ, বেলা: ১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত।

সভাপতি ২০১৯-২০২০ অর্থবছরের ইনোভেশন টিমের প্রথম সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে কার্যক্রম শুরু করেন। তিনি উদ্ভাবন চর্চার গুরুত্ব তুলে ধরে বলেন, গত ১৫ মে ২০১৯ স্বাস্থ্য সেবা বিভাগের শোকেসিং অনুষ্ঠিত হয়। শোকেসিংয়ে বাছাইকৃত প্রকল্পসমূহকে মাঠ পর্যায়ে স্কেলআপ ও রেলিকেশনের মাধ্যমে নাগরিক সেবা সহজীকরণ করা সংজ্ঞা হবো। তিনি আরো বলেন, মাঠ পর্যায়ে উদ্ভাবন চর্চার সফল প্রয়োগই আগামী দিনের সোনার বাংলা গড়তে সহায়তা করবে। তিনি গত শোকেসিং নির্বাচিত প্রকল্পসমূহকে মাঠ পর্যায়ে স্কেল-আপ ও রেলিকেশনের জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি ইনোভেশন অফিসারদের মোবাইল নম্বর ও ইমেইল ঠিকানা সংগ্রহ করে প্রতিনিয়ত ইনোভেশন টিমের সিদ্ধান্তসমূহ প্রেরণ করতে হবে মর্মে তিনি নির্দেশনা প্রদান করেন। প্রতি সভায় ভিন্ন ভিন্ন প্রতিনিধি উপস্থিত হওয়ার দরুন ইনোভেশনের সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করতে সমস্যা হয় বিধায় তিনি অধিদপ্তরসমূহকে স্থায়ী ইনোভেশন অফিসার মনোনয়ন করতে নির্দেশনাও প্রদান করেন।

০২. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন: সভাপতি মহোদয়ের সম্মতিতমঃ ড. বিলকিস বেগম, উপসচিব (মনিটরিং ও সমন্বয়) সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়।

০৩. শোকেসিংয়ে নির্বাচিত প্রকল্প: সভাপতি শোকেসিংয়ে নির্বাচিত প্রকল্পসমূহের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে ড. বিলকিস বেগম, উপসচিব (প্রশাসন-৪) জানান যে, ৫টি উদ্যোগ সারাদেশে স্কেলআপের জন্য গৃহীত হয়। এদের বাস্তবায়ন শুরু হবে জুলাই ২০১৯ থেকে এবং বাস্তবায়ন শেষ হবে ডিসেম্বর ২০২০ এর মধ্যে। তিনি উদ্যোগের শিরোনামগুলো উল্লেখ করে জানান ১) হাসপাতাল লভি, ২) ইসিজি ও আল্ট্রাসোনোগ্রাম সেবা প্রদানের উদ্যোগ, ৩) নিরাপদ প্রসব চাই, স্বাস্থ্য কেন্দ্রে চলো যাই, ৪) ঔষধের বিরূপ প্রতিক্রিয়া রিপোর্টিং নকল ঔষধ এবং ঔষধের নির্ধারিত মূল্য যাচাই ও অভিযোগ দাখিলের জন্য ওয়েবপোর্টাল ও মোবাইল এ্যাপ্লিকেশন এবং ৫) হাসপাতাল ব্যবস্থার উন্নয়ন। তিনি রেলিকেশনের জন্য ৫টি নির্বাচিত প্রকল্পের নাম উল্লেখ করেন, ১) প্রবীণদেব অগ্রাধিকার স্বাস্থ্য সেবা হেলথ কার্ড, ২) জনগণের অংশগ্রহণে দুর্গম অঞ্চলে স্বাস্থ্য সেবা, ৩) ডায়াবেটিস ও হাইপার টেনশন রোগীদের স্বাস্থ্য কার্ড প্রণয়ন, ৪) ক্লিন হসপিটাল ডে পালন প্রোগ্রাম: হাসপাতাল আমার বাড়ী, পরিচ্ছন্ন হাসপাতাল গড়ি ও ৫) প্রাতিষ্ঠানিক প্রসব বাড়ানো। সভাপতি স্কেল আপের জন্য নির্বাচিত ৫টি প্রকল্পের বিভাগীয় পর্যায়ে ওয়ার্কশপ আয়োজনের নির্দেশনা প্রদান করেন। এছাড়াও তিনি ওয়ার্কশপগুলো কর্ম দিবসে অনুষ্ঠিত করার নির্দেশনা প্রদান করেন।

০৪. জনাব সোহেল ইমাম বিভাগীয় পর্যায়ের ওয়ার্কশপে ইনোভেটরদের আমন্ত্রণ করার মতামত ব্যক্ত করেন। জনাব ড. হাসান মাহমুদ ভোলা জেলা হাসপাতালে বেডশীটের করুন অবস্থার কথা তুলে ধরে হাসপাতালসমূহের যৌতকরণ প্রক্রিয়ার বিষয়ে সমালোচনা করেন।

০৫. সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগের ইনোভেশন টিমকে পুনর্গঠন করত: যুগ্ম সচিব (বাজেট), প্রশাসন-১ ও প্রশাসন-২ কে অন্তর্ভুক্ত করার নির্দেশনা প্রদান করেন।

০৬. ইনোভেশন কমিটির সভা : ড. বিলকিস বেগম জানান যে, স্বাস্থ্য সেবা বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর ২.১.১ উপানুচ্ছেদ অনুযায়ী ইনোভেশন টিমের চলতি অর্থবছরে ৬টি সভা অনুষ্ঠিত করতে হবে। তিনি অধিদপ্তরসমূহকে তাদের কর্মপরিকল্পনায় উল্লেখিত সময়ের মধ্যে সভাগুলো সম্পন্ন করা এবং স্বাস্থ্য সেবা বিভাগকে অবহিত করার উপর জোর দেন।

০৭. প্রশিক্ষণ : সভাপতি ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণগুলো যথাসময়ে বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ মোতাবেক সম্পন্ন করার জন্য প্রশাসন-৪ এবং অধিদপ্তর/দপ্তরসমূহের ইনোভেশন অফিসারদের নির্দেশনা প্রদান করেন।

০৮. সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র: নং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৮.১	স্বাস্থ্য সেবা বিভাগের অধীন দপ্তরসমূহকে পরিকল্পনা অনুযায়ী ইনোভেশন সংক্রান্ত মাসিক সভা করতে হবে এবং কার্যবিবরণী নিয়মিতভাবে মন্ত্রণালয়ের প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করতে হবে।	অধিদপ্তর/দপ্তরসমূহ
০৮.২	মন্ত্রণালয়ের মাসিক ইনোভেশন সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নপূর্বক অগ্রগতির ত্রৈমাসিক প্রতিবেদন প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এবং অধিদপ্তর/দপ্তরসমূহ
০৮.৩	১৫ মে ২০১৯ তারিখে অনুষ্ঠিত শোকেসিংয়ে নির্বাচিত প্রকল্পসমূহকে গাঠ পর্যায়ে স্কেল-আপ ও রেলিকেশনের জন্য সংশ্লিষ্ট অধিদপ্তরকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;	সংশ্লিষ্ট অধিদপ্তরসমূহের ইনোভেশন অফিসার
০৮.৪	স্কেল আপের জন্য নির্বাচিত ৫টি প্রকল্পের বিভাগীয় পর্যায়ে ওয়ার্কশপগুলো কর্ম দিবসে আয়োজন করতে হবে;	অধিদপ্তরসমূহ
০৮.৫	অধিদপ্তর/দপ্তরসমূহকে স্থায়ী ইনোভেশন অফিসার মনোনয়ন প্রদান করতে হবে; ইনোভেশন টিমের সিদ্ধান্তসমূহ অধিদপ্তর/দপ্তরসমূহের ইনোভেশন অফিসারকে প্রেরণ করতে হবে;	অধিদপ্তর/দপ্তরসমূহ
০৮.৬	দর্শনার্থীদের সেবা সহজীকরণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগের আওতায় একটি হেল্প ডেস্ক গঠন করতে হবে;	প্রশাসন-১ ও প্রশাসন-২
০৮.৭	মন্ত্রণালয় ও অধিদপ্তরকে চলতি অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনা অনুসারে প্রথম ত্রৈমাসিকের সমস্ত কার্যক্রম ৩০ সেপ্টেম্বর তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;	ইনোভেশন টিম, মন্ত্রণালয়/সকল অধিদপ্তর/দপ্তরসমূহ
০৮.৮	যুগ্ম সচিব (বাজেট), প্রশাসন-১ ও প্রশাসন-২ কে স্বাস্থ্য সেবা বিভাগের ইনোভেশন টিমে অন্তর্ভুক্ত করতে হবে;	প্রশাসন-৪

০৯. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

তারিখ: ১২.০৯.১৯

(শেখ মুজিবুর রহমান)

অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা)

স্বাস্থ্য সেবা বিভাগ

স্মারক নং- ৪৫.১৪১.০৯৩.০০.০০.০০৮.২০১৬-২১১

তারিখঃ ০২ আশ্বিন ১৪২৫

১৭ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. যুগ্মসচিব (বাজেট-১,২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (মানবসম্পদ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন-১ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. উপসচিব (নার্সিং-১ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. উপপ্রধান (স্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. উপসচিব (ক্রয় ও সংগ্রহ-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৭. উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৮. উপসচিব (প্রশাসন-৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৯. উপসচিব (বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
১০. উপসচিব (প্রশাসন-২ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
১২. ইনোভেশন অফিসার, চীফ টেকনিক্যাল ম্যানেজার, মিসিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১৩. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অধিদপ্তর/উষধ প্রশাসন অধিদপ্তর), মহাখালী, ঢাকা।
১৪. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৫. ইনোভেশন অফিসার (নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/ স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/টেমো), ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃংখলা) ও চিফ ইনোভেশন অফিসারের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম,
৩. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাপকম, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

উপসচিব

(ড. বিলকিস বেগম)

১৭২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের জুন ২০২০ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শেখ মুজিবুর রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ ও
চিফ ইনোভেশন অফিসার স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
স্থান : অনলাইন সভা, অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের অফিস কক্ষ।
তারিখ ও সময় : ০৬.০৭.২০২০ খ্রিঃ, বেলা: ১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত।

সভাপতি অনলাইনে সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বর্তমান সময়ে স্বাস্থ্য সেবা বিভাগে উদ্ভাবন চর্চার গুরুত্ব তুলে ধরে বলেন, সরকারী প্রশাসনে উদ্ভাবনী চর্চার গুরুত্ব অপরিহার্য। বর্তমানে বাংলাদেশসহ সারাবিশ্ব একটি সংকটকাল অতিক্রান্ত করছে। কোভিড-১৯ বলতে গেলে পুরো বিশ্বের স্বাস্থ্য ব্যবস্থাকে চ্যালেঞ্জের মুখে ফেলেছে। দেশের এই সংকটকালে স্বাস্থ্য সেবা বিভাগ তার সর্বোচ্চ সেবা দেওয়ার চেষ্টা করছে। এজন্য তিনি স্বাস্থ্য সেবা বিভাগ এবং অধীনস্থ সকল অধিদপ্তর/দপ্তরে কর্মরত সকলকে ধন্যবাদ জানান। তিনি দেশের সকল পর্যায়ে স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে কোভিড-১৯ কে মোকাবেলার জন্য নতুন নতুন উদ্ভাবনী চর্চার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। তিনি সকলকে নিজ নিজ দপ্তরে উদ্ভাবন চর্চা অব্যাহত রাখতে অনুরোধ জানান। সভাপতি উপসচিব (প্রশাসন-৪) কে গত সভার কার্যবিবরণী উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০২. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন: সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে ড. বিলকিস বেগম, উপসচিব (সরকারী স্বাস্থ্য ব্যবস্থাপনা-১) গত সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি দৃষ্টীকরণ করা হয়।

০৩. শোকেসিংয়ে নির্বাচিত প্রকল্পের রেক্রিকেশন/স্কেল আপ: ড. বিলকিস বেগম, উপসচিব (সরকারী স্বাস্থ্য ব্যবস্থাপনা-১) জানান যে, গত ফেব্রুয়ারী মাসে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক 'মাচ' ২০২০ মাসের মধ্যে শোকেসিংয়ে নির্বাচিত প্রকল্পসমূহ দ্রুত স্কেলআপ/রেক্রিকেশনের নিমিত্তে দেশের প্রতিটি বিভাগে কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হলেও কোভিড-১৯ এর জন্য সম্ভব হয়ে ওঠেনি। তিনি প্রশাসন-৪ অধিশাখাকে কর্মশালা আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে অনুরোধ জানান। সভাপতি নতুন অর্থবছরে স্বাস্থ্য সেবা বিভাগকে দেশের প্রতিটি বিভাগে শোকেসিংয়ে নির্বাচিত প্রকল্পসমূহ দ্রুত স্কেলআপ/রেক্রিকেশন করার জন্য কর্মশালা আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে প্রশাসন-৪ অধিশাখাকে নির্দেশনা প্রদান করেন।

০৪. ইনোভেশন কমিটির সভা : সভাপতি অধিদপ্তর/দপ্তরসমূহে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী ইনোভেশন কমিটির সভা অনুষ্ঠিত হচ্ছে না মর্মে অসন্তোষ প্রকাশ করেন। তিনি চলতি অর্থবছর হতে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা মোতাবেক মাসিক সভা আয়োজন এবং কার্যবিবরণী স্বাস্থ্য সেবা বিভাগের প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণের নির্দেশনা প্রদান করেন। তিনি অধিদপ্তরগুলোর সভাতে স্বাস্থ্য সেবা বিভাগের প্রতিনিধিকে পর্যবেক্ষক হিসাবে রাখার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন।

০৫. প্রশিক্ষণ/কর্মশালা : সভাপতি মহোদয় চলমান পরিস্থিতিতে সকল অধিদপ্তর/দপ্তরকে ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালাগুলো অনলাইনের মাধ্যমে আয়োজনের নির্দেশনা প্রদান করেন।

০৬. প্রকল্পের পাইলটিং : স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি ৩টি প্রকল্পের পাইলটিং সমাপ্ত হয়েছে মর্মে জানান।

০৭. বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন : সভাপতি মহোদয় সকল অধিদপ্তর/দপ্তরকে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর স্ব-মূল্যায়ন প্রতিবেদন আগামী ১০ জুলাই ২০২০ তারিখের মধ্যে প্রশাসন-৪ অধিশাখায় মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ছকে প্রমানকসহ প্রেরণের নির্দেশনা প্রদান করেন।

০১৮

০৭. সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র: নং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৭.১	স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ অধিদপ্তর/দপ্তরসমূহ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী মাসিক সভা করবে এবং কার্যবিবরণী নিয়মিতভাবে মন্ত্রণালয়ে প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করবে;	অধিদপ্তর/দপ্তরসমূহ
০৭.২	স্বাস্থ্য সেবা বিভাগ দেশের প্রতিটি বিভাগে শোকেসিংয়ে নির্বাচিত প্রকল্পসমূহ দ্রুত স্কেলআপ/রেপ্লিকেশন করার জন্য কর্মশালা আয়োজনের উদ্যোগ গ্রহণ করবে;	প্রশাসন-৪/প্রশাসন-২/বাজেট অধিশাখা
০৭.৪	সকল অধিদপ্তর/দপ্তর প্রশিক্ষণ/কর্মশালাগুলো চলমান পরিস্থিতির কথা বিবেচনা করে অনলাইনে আয়োজন করবে;	সকল অধিদপ্তর/দপ্তর
০৭.৫	অধিদপ্তরসমূহকে মাসিক সভায় স্বাস্থ্য সেবা বিভাগের প্রতিনিধিকে পর্যবেক্ষক হিসেবে রাখতে হবে;	অধিদপ্তর/দপ্তর
০৭.৬	সকল অধিদপ্তর/দপ্তরকে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর স্ব-মূল্যায়ন প্রতিবেদন আগামী ১০ জুলাই ২০২০ তারিখের মধ্যে প্রশাসন-৪ অধিশাখায় মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ছকে প্রমানকসহ প্রেরণ করবে;	অধিদপ্তর/দপ্তর

০৮. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি অনলাইনে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

তারিখ: ০৮.০৭.২০২০

(শেখ মুজিবুর রহমান)

অতিরিক্ত সচিব (প্রশাসন)

স্বাস্থ্য সেবা বিভাগ

নং- ৪৫.১৪১.০৯৩.০০.০০০০.০০১.২০২০-৮৫

তারিখ: ১২.০৭.২০২০ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।


বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. যুগ্মসচিব (বাজেট-১,২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (মানবসম্পদ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. যুগ্মপ্রধান(পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. উপসচিব ((প্রশাসন-২ শাখা, নার্সিং-১ শাখা, ক্রয় ও সংগ্রহ-১/২, সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১, বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৭. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৮. ইনোভেশন অফিসার, চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৯. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর), মহাখালী, ঢাকা।
১০. ইনোভেশন অফিসার (নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/ স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/টেকমো), ঢাকা।
১১. মো: আবুল বাশার, সহঃ চিকিৎসা মনোবিজ্ঞানী, মানসিক রোগ বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ।

১২. মো: আবু জাহিদ হাসান, চিকিৎসা মনোবিজ্ঞানী, ক্লাউড জাপান ইন্টারন্যাশনাল বিডি লিমিটেড।
১৩. ডা: মফিজুল ইসলাম বুলবুল, ডিপিএম, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান, ঢাকা।
১৪. ডা: গোলাম মুক্তাদির, কে-৭০, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
১৫. ডা: মো: গোলাম ফরহাদ, আবাসিক মেডিকেল অফিসার, সদর হাসপাতাল, কালকাঠী।
১৬. আফরোজা বানু, নার্সিং অফিসার, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১৭. মোছা: ফরিদা ইয়াসমিন, নার্সিং অফিসার, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসারের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৩. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (তাকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)


২২/০৭/২০২০
(সায়মিন সুলতানা)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৪০৩৬২

ই-মেইল-monitor@hds.gov.bd

০/৮



Small Improvement Project

Project Location	স্বাস্থ্য সেবা বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণের আধুনিক ও স্বাস্থ্য নিয়ন্ত্রণে স্থাপন। স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
------------------	--

	Name & Designation	
Promoter (Head of Dept/Section)	শেখ মুজিবুর রহমান অতিরিক্ত সচিব অভ্যন্তরীণ প্রশাসন ও শৃংখলা অনুবিভাগ	০১৭১২-২৭-২৬৫৯
Team Leader	কাজী মাহবুবুল আলম উপসচিব প্রশাসন-২	০১৭৩১-০২-৫৬৬৯
Team Coordinator	আবদুল মান্নান মিয়া সহকারী সচিব	০১৭১৬-০১-১৫৪৬
Other members -	মোঃ সফিকুল ইসলাম (প্রশাসনিক কর্মকর্তা) মোঃ রেজাউল করিম (ব্যক্তিগত কর্মকর্তা), মোঃ ফজিউর রহমান, নব্বাকার, আলিমুল ইসলাম, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, মোঃ রুকুনুজ্জামান, সীট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর সুলতানা বেগম, অফিস সহায়ক, মোঃ রাব্বানী, অফিস সহায়ক	

Current and Desired Situation :-

Situation Before Improvement	KPI	Situation Expected After Improvement
১. নতুন কর্মকর্তার আগমনে প্রতিবার নতুন করে নেমপ্লেট প্রস্তুতকরণ।	১. নতুন নেমপ্লেট স্থাপন।	১. স্থায়ী নেমপ্লেট থাকবে।
২. প্রতিবারে নতুন করে নেমপ্লেট স্থাপনজনিত ব্যয়।	২. সকল কর্মকর্তাদের জন্য একই আকার ও ডিজাইনের নেমপ্লেট স্থাপন।	২. আধুনিক নেমপ্লেট থাকবে।
৩. বিভিন্ন রংয়ের নেমপ্লেট।	৩. প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তাদের জন্য পৃথক ডিজাইন ও আকারের নেমপ্লেট স্থাপন।	
৪. বিভিন্ন আকারের নেমপ্লেট। পুরাতন ও বিবর্ণ নেমপ্লেট।	৪. চোখের সমান্তরাল ও দৃষ্টি আকর্ষক স্থানে নেমপ্লেট স্থাপন।	৪. কর্মকর্তাদের বদলিজনিত কারণে নতুন কর্মকর্তার যোগদানে শুধু নাম পরিবর্তন করে নতুন নেমপ্লেট থাকবে।
৫. বদলিজনিত কারণে নতুন কর্মকর্তার নাম compose করা কাগজে লিখে লাগানো হত।	৫. প্রতিবার নতুন করে নেমপ্লেট স্থাপন জনিত খরচের সঞ্চার।	৫. নতুন কর্মকর্তাদের পদবী পরিবর্তন হলে সেটাও প্রতিস্থাপন করা যাবে।
৬. পদোন্নতির ক্ষেত্রে আগের পদবির উপর নতুন পদবি compose করা কাগজে paste করা হত।	৬. অনুবিভাগ, অবিশাখা ও শাখা ভিত্তিক কর্মকর্তাদের স্থায়ী নেমপ্লেট স্থাপন।	৬. কর্মকর্তাগণের বদলী ও পদবী পরিবর্তন জনিত নতুন নেমপ্লেট স্থাপনের খরচের সঞ্চার।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং- ডিজিএইচএস/এইচ.আর.এম./সিনিয়র কনসালটেন্ট পদোন্নতি/২০১৯/ ৩০৬৬৬

তাং- ০৩/০৩/২০২০ খ্রিঃ

অফিস আদেশ


বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসে পদোন্নতি প্রক্রিয়া চলমান। সিনিয়র কনসালটেন্ট পদে বিধি মোতাবেক পদোন্নতির লক্ষ্যে আগ্রহী এবং যোগ্যতা সম্পন্ন চিকিৎসকদের (যারা বিভিন্ন বিষয়ে দেশে উচ্চতর ডিগ্রী/ডিপ্লোমা ডিগ্রী অর্জন করেছেন) জ্যেষ্ঠতা তালিকা প্রস্তুত করনের জন্য, আগামী ০১/১০/২০১৯খ্রিঃ তারিখ হতে ১০/১০/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে প্রদত্ত নির্দেশিকা মোতাবেক অনলাইনে সঠিক ও নির্ভুলভাবে আবেদন করা এবং পরবর্তীতে ১৩/১০/২০১৯খ্রিঃ হতে ২৩/১০/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে নিম্ন ক্রমানুসারে প্রয়োজনীয় কাগজপত্র/তথ্যাদি এইচ.আর.এম শাখা (রুম নং-৪১৫) স্বাস্থ্য অধিদপ্তর (নতুন ভবন) টিথিংগেট, মহাখালী, ঢাকাতে সকাল ৯টা হতে দুপুর ১টার মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

সংযুক্তিঃ

The BCS Recruitment Rules, 1981 অনুযায়ী পদোন্নতির শর্তাবলী এবং প্রয়োজনীয় কাগজপত্র সমূহঃ (০২ সেট)

১. অনলাইনে পূরণকৃত আবেদন পত্রের হার্ড কপি;
২. হালনাগাত এইচ আর এম;
৩. ন্যূনতম ১০ বৎসর চাকুরি অভিজ্ঞতা;
৪. সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর ডিগ্রীর সনদপত্র এবং উক্ত ডিগ্রীর বিএমডিসি কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন কপি;
৫. এমবিবিএস/বিডিএস ডিগ্রীর সনদপত্র এবং বিএমডিসির হালনাগাদ রেজিস্ট্রেশন কপি;
৬. বর্তমান কর্মস্থলে যোগদানের আদেশ ও যোগদানের কপি;
৭. জুনিয়র কনসালটেন্ট পদে পদোন্নতি আদেশ ও যোগদানের কপি;
৮. সিনিয়র স্কেল পাশের গেজেট-প্রযোজ্য ক্ষেত্রে;
৯. চাকরি স্থায়ীকরনের আদেশ কপি;
১০. চাকরি নিয়মিতকরনের আদেশ কপি-প্রযোজ্য ক্ষেত্রে;
১১. চাকরিতে প্রথম যোগদানের আদেশ ও যোগদানের কপি;
১২. চাকরীর নিয়োগ প্রজ্ঞাপন/আদেশ;
১৩. বিগত ০৫ বছরের এসিআর (২০১৪-২০১৮) স্ক্যান পূর্বক এসিআর শাখায় জমা থাকতে হবে;
১৪. সন্তোষজনক চাকুরিকাল;
১৫. বায়োমেট্রিক রেজিস্ট্রেশন নাম্বার ও বিগত ০৬ মাসের বায়োমেট্রিক হাজিরাসহ প্রতিবেদন

ইহাতে মহা-পরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।


(ডাঃ শহিদ মোঃ সাদিকুল ইসলাম)
পরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

বিতরণঃ-

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃঃআঃ সহকারী পরিচালক (সমন্বয়)।
- ২। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশাসন) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। পরিচালক (এমআইএস) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। পরিচালক (মনিটরিং কো-অর্ডিনেশন এন্ড কন্ট্রোলরুম) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। উপ-পরিচালক (পার-১) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং- ডিজিএইচএস/এইচ.আর.এম./জুনিয়র কনসালটেন্ট পদোন্নতি/২০১৯/ ০০৬৬২

তাং- ০২/০৭/২০২০ খ্রিঃ

অফিস আদেশ

বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসে পদোন্নতি প্রক্রিয়া চলমান। জুনিয়র কনসালটেন্ট পদে বিধি মোতাবেক পদোন্নতির লক্ষ্যে আর্থহী এবং যোগ্যতা সম্পন্ন চিকিৎসকদের (যারা বিভিন্ন বিষয়ে দেশে উচ্চতর ডিগ্রী/ডিপ্লোমা ডিগ্রী অর্জন করেছেন) জ্যেষ্ঠতা তালিকা প্রস্তুত করনের জন্য, আগামী ০১/১০/২০১৯খ্রিঃ তারিখ হতে ১০/১০/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে প্রদত্ত নির্দেশিকা মোতাবেক অনলাইনে সঠিক ও নিষ্ঠুরভাবে আবেদন করা এবং পরবর্তীতে ১৩/১০/২০১৯খ্রিঃ হতে ২৩/১০/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে নিম্ন ক্রমানুসারে সবাইকে প্রয়োজনীয় কাগজপত্র/তথ্যাদি এইচ.আর.এম শাখা (রুম নং-৪১৫) স্বাস্থ্য অধিদপ্তর (নতুন ভবন) টিবিগেট, মহাখালী, ঢাকাতে সকাল ৯টা হতে দুপুর ১টার মধ্যে প্রেরনের জন্য অনুরোধ করা হল।

সংযুক্তিঃ

The BCS Recruitment Rules, 1981 অনুযায়ী পদোন্নতির শর্তাবলী এবং প্রয়োজনীয় কাগজপত্র সমূহঃ (০২ সেট)

- ১। অনলাইনে পূরনকৃত আবেদন পত্রের হার্ড কপি;
- ২। হালনাগাদ এইচ আর এম;
- ৩। ফিডার পদে নূন্যতম ০৫ বৎসর চাকুরি অভিজ্ঞতা;
- ৪। সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর ডিগ্রীর সনদপত্র এবং উক্ত ডিগ্রীর বিএমডিসি কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন কপি;
- ৫। এমবিবিএস/বিডিএস ডিগ্রীর সনদপত্র এবং বিএমডিসির হালনাগাদ রেজিস্ট্রেশন কপি;
- ৬। বর্তমান কর্মস্থলে যোগদানের আদেশ ও যোগদানের কপি;
- ৭। সিনিয়ার স্কেল পাশের গেজেট-প্রযোজ্য ক্ষেত্রে;
- ৮। চাকরি স্থায়ীকরনের আদেশ কপি;
- ৯। চাকরি নিয়মিতকরনের আদেশ কপি-প্রযোজ্য ক্ষেত্রে;
- ১০। চাকরিতে প্রথম যোগদানের আদেশ ও যোগদানের কপি;
- ১১। চাকুরীর নিয়োগ আদেশ/প্রজ্ঞাপন;
- ১২। বিগত ০৫ বছরের এসিআর (২০১৪-২০১৮) স্ক্যান পূর্বক এসিআর শাখায় জমা থাকতে হবে;
- ১৩। সন্তোষজনক চাকুরিকাল;
- ১৪। বায়োমেট্রিক রেজিস্ট্রেশন নাম্বার ও বিগত ০৬ মাসের বায়োমেট্রিক হাজিরাসহ প্রতিবেদন।

ইহাতে মহা-পরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।


(ডাঃ শহিদ মোঃ সাদিকুল ইসলাম)
পরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

বিতরণঃ-

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃঃআঃ সহকারী পরিচালক (সমন্বয়)।
- ২। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশাসন) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। পরিচালক (এমআইএস) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। পরিচালক (মনিটরিং কো-অর্ডিনেশন এন্ড কন্ট্রোলরুম) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। উপ-পরিচালক (পার-১) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

